৭

দৈনিক খবর

তারিখ 08 JUL 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

## ছাত্র বেতন ও ফি বৃদ্ধির প্রতিবাদে কর্মসূচী

।। স্টাফ রিপোর্টার ।।

ছাত্র বেতন ও ফি বৃদ্ধির প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক পৃথক কর্মসূচী ঘোষণা করেছে। বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আগামী ১৪ই জুলাই দেশব্যাপী বিক্ষোভ এবং ১০ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে

৭-এর পাতা ৭ম কঃ দেখুন

## ছাত্র বেতন

প্রথম পৃষ্ঠার পর

বিক্ষোভ সমাবেশ করবে। এ ছাড়া গণতান্ত্রিক ছাত্র ঐক্য ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট তাদের কর্মসূচী ঘোষণা করেছে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় সংসদ সরকারী স্কুল, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে ছাত্র বেতন ও ফি বৃদ্ধির প্রতিবাদ করে বলেছে, শিক্ষাকে পণ্যে পরিণত করার ষড়যন্ত্র ছাত্র সমাজ মেনে নেবে না।

এক বিবৃতিতে সংগঠনের সভাপতি রুহিন হোসেন প্রিন্স ও সাধারণ সম্পাদক কাজী সাজ্জাদ জহির চন্দন বলেন, ঐতিহাসিক ১০ দফায় বেসরকারী স্কুল-কলেজের বেতন কমিয়ে সরকারী স্কুল-কলেজের সমান ও পর্যায়ক্রমে শিক্ষাকে অবৈতনিক করার দাবী থাকলেও সরকারের এই পদক্ষেপ '৯০-এর গণঅভ্যুত্থান ও ছাত্র সমাজের ১০ দফার সাথে বেঈমানির সামিল। নেতৃবৃন্দ অবিলম্বে বিশ্ব ব্যাংক ও আইএমএফ-এর নির্দেশে ছাত্র বেতন ও ফি বৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহারের জোর দাবী জানান।

সরকারী স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ছাত্র বেতন ও বিভিন্ন ফি বৃদ্ধির প্রতিবাদে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আগামী ১০ই জুলাই শনিবার বেলা ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশের কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

সংগঠনের সভাপতি বেলাল চৌধুরী ও সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন প্রতিবাদ সমাবেশ সফল করার জন্যে ছাত্র সমাজের প্রতি আহবান জানিয়ে এক বিবৃতিতে বলেন, 'বিশ্ব ব্যাংক, আইএমএফ-এর পরামর্শ অনুযায়ী শিক্ষা সংকোচনের নীল নকশা নিয়ে বর্তমান সরকার অগ্রসর হচ্ছে। ছাত্র বেতন ও ফি বৃদ্ধির সিদ্ধান্ত সে নীল নকশারই অংশ। ছাত্র সমাজ এ সিদ্ধান্ত মানবে না, বর্ধিত বেতন-ফি দেবে না। দুর্বার সংগ্রামের মাধ্যমে সরকারের এ গণবিরোধী পদক্ষেপ প্রতিহত করা হবে।'